

ক্যাডেট কলেজে শতভাগ পাশ, জিপিএ-৫ ৯৯.৬৭ শতাংশ

যুগান্তর প্রতিবেদন

১৩ মে ২০২৪, ১০:৪১ এএম | অনলাইন সংস্করণ

ক্যাডেট কলেজে শতভাগ পাশ

ক্যাডেট কলেজে শতভাগ পাশ

এবারের এসএসসি পরীক্ষায় ঈর্ষণীয় ফলাফল অর্জন করেছে দেশের ক্যাডেট কলেজগুলো। ১২টি ক্যাডেট কলেজে ৬০০ জন পরীক্ষার্থীর মধ্যে এবার ৫৯৮ জন জিপিএ-৫ (এ প্লাস) পেয়েছে। পাশের হার শতভাগ এবং জিপিএ-৫ পেয়েছে ৯৯ দশমিক ৬৭ শতাংশ। ২০২৩ সালে জিপিএ-৫ ছিল ৯৯ দশমিক ৮৩ শতাংশ।

আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে ক্যাডেট কলেজ সেনাবাহিনীর মাধ্যমে পরিচালিত আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান। শুধু ভালো ফলাফল নয়, চৌকস ও সুনামের হিসাবে ক্যাডেটদের গড়ে তোলা মূল লক্ষ্য। এজন্য ক্যাডেটদের দৈনন্দিন কার্যক্রমে লেখাপড়ার পাশাপাশি চরিত্র গঠন ও সহশিক্ষা কার্যক্রমকে সমান গুরুত্ব দেওয়া হয়।

কলেজ থেকে পাশ করার পর শিক্ষার্থীরা যাতে যুগের সঙ্গে তাল মিলিয়ে সম্মানজনক অবস্থানে পৌঁছাতে পারে সেজন্য নতুন নতুন শিক্ষা কার্যক্রম সংযুক্ত হচ্ছে। ক্যাডেট কলেজের ধারাবাহিক সাফল্যের পেছনে রয়েছে আভ্যন্তরীণ সুশৃঙ্খল পরিবেশ, অভিজ্ঞ অনুষদ সদস্যদের সার্বক্ষণিক পরিচর্যা ও তদারকি, শিক্ষার্থীদের অধ্যবসায়, নিয়মিত পড়াশোনা এবং আন্তরিক প্রচেষ্টা।

কলেজ পরিচালনা পরিষদের সুষ্ঠু দিকনির্দেশনা, যোগ্যতাসম্পন্ন শিক্ষক অধ্যক্ষসহ অনুষদ সদস্যদের ঐকান্তিক প্রচেষ্টা ও অভিভাবকদের সহযোগিতায় এই ফলাফল অর্জন সম্ভব হয়েছে।